বিশুদ্ধ
আয়ুর্ব্বেদীয় তৈল, ঔষধ
পাইবার
বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান
ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন
প্রতিষ্ঠাতা—কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়
বি-এ, কবিরত্ন।
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহু পরীক্ষিত ও উচ্চ প্রশংসিত
পক্ষাঘাতের তৈল ঔষধ
এক মাস ব্যবহারোপযোগী তৈল ঔষধের
মূল্য ১৬৲ ষোল টাকা
চ্যবনপ্রাশ /১ সের ১০৲ মকরধ্বজ ১ তোলা ৬৲
দশভুজা ঔষধালয়
মেডিকেল ডিপ্লোমাপ্রাপ্ত ও গভর্ণমেণ্ট রেজিষ্ট্রীকৃত
কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(প্রেসিডেণ্ট ইউনিয়ন বোর্ড, ভূতপূর্ব্ব চেয়ারম্যান
ডি, এস, বোর্ড)
মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)

৩৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৬ই পৌষ বুধবার ১৩৫৩ ইংরাজী 1st Jan. 1947 { ৩২শ সংখ্যা

আপনার
কম খরচার খাজাঞ্চী
ঢাকুরিয়া ব্যাঙ্কিং
করপোরেশন লিমিটেড
হেড অফিস
২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা
ফোনঃ কলিকাতা ১৭৪৪ টেলিগ্রামঃ ষ্ট্রংরুম
শাখাসমূহ
ঢাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট, বারহারওয়া, সাহিবগঞ্জ, (এস, পি), রঘুনাথগঞ্জ, আওরঙ্গাবাদ (মুর্শিদাবাদ), সোনারপুর।
ম্যানেজিং ডিরেক্টার
ডি, এন, চ্যাটার্জি এফ, আর, ই, এস (লণ্ডন)

ব্যয় নহে—সঞ্চয়
জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।
জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।
নূতন বীমা—১৯৪৫
১২ কোটী টাকার উপর
হিন্দুস্থান কো-অপারেটিভ
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংসঃ কলিকাতা

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৬ই পৌষ বুধবার সন ১৩৫৩ সাল

## দুখ লাগে আর হাসি

যে কোনও অঘটনীয় ঘটনা ঘটে, যার প্রতিকার করার সাধ্য মানুষের নাই, তখনি সকলে বলে থাকেন—ঘোর কলিকাল—এখন এই সবই হবে। বহুদিন পূর্ব্বে কবি তুলসীদাস লিখে গেছেন যা তাতো দেখতে পাওয়া যাচ্ছে আমাদের দৈনন্দিন জীবনে, তার উপর আরও রকমারী মজা দেখতে পাচ্ছি।

তিনি বলেছেন—

সাচ কহে তো মারে লাঠ্‌ঠা
ঝুটি জগৎ ভুলায়।
গো-রস গলি গলি ফিরে
সুরা বৈঠল্‌ বিকায়।

চোরকো ছোড়ে সাধ্‌কো বাঁধে
পথিককো লাগাবে ফাঁসি,
ধন্য কলিযুগ তেরী তামাসা
দুখ লাগে আউর হাসি।

অর্থ—

সত্যি কথা বল্‌লে লাঠি মারে, মিথ্যা কথায় জগৎ ভুলে থাকে। গোরস (দুধ) গলি গলি ফিরে মদ কিন্তু ব'সে ব'সে বিক্রী হয়। চোরকে ছেড়ে দিয়ে সাধুকে বাঁধছে, পথিককে বিপদে ফেলছে। এই সব দেখে বলতে হয়—রে কলিযুগ তোর তামাসা দেখে দুঃখও হয় হাসিও পায়।

তিনি আরও বলেছেন—

গোয়া দোকে কুত্তা পালে
ওস্‌কি বাছুরা ভুখা।
শালেকে উত্তম খিলাওয়ে
বাপ না পাওয়ে রুখা।
ঘরকা বহুরী পীরিত না পাওয়ে
চিৎ চোরাওয়ে দাসী,
ধন্য কলিযুগ তেরী তামাসা
দুখ লাগে আউর হাসি।

অর্থ—

গাভী দুয়ে তার দুধ কুকুরকে খাওয়ায় তার বাছুর কিন্তু অভুক্ত থাকে। শালাকে উপাদেয় খাদ্য দিয়ে বাপ সামান্যও খেতে পায় না। সহধর্ম্মিণী প্রীতি পায় না অথচ দাসী মন হরণ করে। এই সব দেখে বলতে হয়—রে কলিযুগ তোর তামাসা দেখে দুঃখও হয় হাসিও পায়।

---

## পরলোকে হরিপ্রসাদ গুপ্ত

সুবিখ্যাত উকীল স্বর্গীয় কাঙ্গালচন্দ্র গুপ্ত মহাশয়ের নাম জঙ্গিপুর মহকুমার আজও অনেকেই ভুলেন নাই। তাঁহার জ্যেষ্ঠ পুত্র হরিপ্রসাদ গুপ্ত মহাশয় একদিন জঙ্গিপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়ের প্রতিভাবান্‌ ছাত্র ছিলেন। তিনি তখনকার এণ্ট্রান্স পরীক্ষায় উক্ত বিদ্যালয় হইতে ১০৲ টাকা বৃত্তি পাইয়া ক্রমে কৃতিত্বের সহিত বি-এল, পরীক্ষায় পাশ করিয়া কিছুদিন মহেশপুর রাজষ্টেটের ম্যানেজারী ও পরে ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে কোম্পানির আইন বিভাগে কার্য্য করিয়া কিছুদিন হইল অবসর গ্রহণ করিয়াছিলেন। উপর্য্যুপরি সন্তান বিয়োগজনিত শোকে তাঁহার শিরো-বিকৃতি হইয়াছিল বলিয়া মনে হয়। পক্ষাধিক কাল পূর্ব্বে তিনি তাঁহাদের রঘুনাথগঞ্জ বাটীতে আসিয়া পরিচিত সকলের সহিত দেখা সাক্ষাৎ করিয়া তাঁহার ন মধ্যম ভ্রাতা বহরমপুর জেলখানার সুপারিন্টেণ্ডেণ্ট শ্রীযুত রাধাপ্রসাদ গুপ্ত মহাশয়ের বাসায় থাকিয়া কয়েকদিন হইল তাঁহার জ্যেষ্ঠ পুত্র শ্রীমান্‌ অরুণকুমারের কর্ম্মস্থান ব্যাণ্ডেলে গিয়া অকস্মাৎ পরলোকগমন করিয়াছেন। তিনি যেন মৃত্যুর পূর্ব্বে বন্ধুগণের সহিত শেষ দেখা করিবার জন্যই জঙ্গিপুরে আসিয়াছিলেন। শাস্ত্রানুসারে শেষ কৃত্যের জন্যই যেন পুত্রের নিকটে গিয়া দেহত্যাগ করিলেন। তাঁহার বৃদ্ধা জননী এখনও জীবিতা। সন্তান বিয়োগজনিত শোক তিনি এই প্রথম পাইলেন। তাঁহাকে সান্ত্বনা দিবার ভাষা মানুষের নাই। পত্নী ও পুত্রকন্যাগণ এই অপ্রত্যাশিত শোকে যার পর নাই কাতর হইয়াছেন। আমরা তাঁহার স্বজনগণের ব্যথায় সমবেদনা জানাইয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করি।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৩ই জানুয়ারী ১৯৪৭

১৯৪৬ সালের ডিক্রীজারী

৮৬০ খাং ডিঃ শ্যামাপদ রায় দেং বিনয় ভূষণ রায় দিং দাবি ১০।৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামপুরা ২-৪৯ শতকের কাত ৪।৫ আঃ ৫৲ খং ২৫৮ রায়ত স্থিতিবান

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৬ই জানুয়ারী ১৯৪৭

১৯৪৬ সালের ডিক্রীজারী

৪৯৩ খাং ডিঃ হাজি সেখ আবদুল আজিজ দিং দেং তাহেরুদ্দিন বিশ্বাস দাবি ৩৩৸৶৬ থানা সাগরদীঘি মৌজে খেরুর ৮২ শতকের কাত ৫৲ আঃ ১০৲ খং ৩৬

৪৯৪ খাং ডিঃ ঐ দেং শ্বেতবরণী দেবী দাবি ১৭।৶০ মৌজাদি ঐ ১-৬ শতকের কাত ৩।৶০ আঃ ১৭৲ খং ৬১

৩৫৪ খাং ডিঃ সেবাইত সতীপদ ঘোষ দেং তরিপ সেখ দিং দাবি ১১।০ থানা সমসেরগঞ্জ মৌজে উমরপুর ১১ শতকের কাত ১/৪ খং ৩০৪

৪৫১ খাং ডিঃ মতিউল্লা বিশ্বাস দিং দেং বিমলাসুন্দরী দেব্যা দাবি ১০।৶৯ থানা সাগরদীঘি মৌজে ফুলবন ১৭ শতকের কাত ।৶৩৸ আঃ ৫৲ খং ৪৩০

৪৪ অন্য ডিঃ দি প্রভিন্সিয়াল গবর্ণমেণ্ট অফ বেঙ্গল পক্ষে ম্যানেজার খান বাহাদুর আতাউর রহমান সাহেব দেং নুরমুক্ত বিশ্বাস দাবি ১২।৶৬ থানা সাগরদীঘি মৌজে রমণা সেখদীঘি ৯ শতকের কাত ।৶০ আঃ ৪৲ খং ৪০৭ রায়ত স্থিতিবান

৪৬ অন্য ডিঃ ঐ দেং রমাপতি দেব্যা দিং

দাবি ২৬৷৶৹ মোজাদি ঐ ৪-১২ শতকের কাত ১০৲ আঃ ২৫৲ রায়ত মধ্যস্বত্বাধিকারী

৪৮ অন্য ডিঃ ঐ দেং শিশমহাম্মদ বিশ্বাস দিং দাবি ১২৷৵৬ মোজাদি ঐ ৪২ শতকের কাত ২৷৵৹ আঃ ৫৲ খং ৪২৮ রায়ত স্থিতিবান

৪২ মনি ডিঃ নরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় দেং রাজেন্দ্রনারায়ণ চট্টোপাধ্যায় দাবি ১২/৯ থানা সমসেরগঞ্জ মৌজে উমরপুর ৩-৪৩ শতকের কাত ২৸/৮ তন্মধ্যে ২৯ ও ৫৭ শতক জমি নিলাম হইবে। আঃ ১০৲ খং ৩০৩

৪৩ মনি ডিঃ ঐ দেং শশাঙ্কশেখর চট্টোপাধ্যায় দাবি ১২/৯ মোজাদি ঐ ৩-৪৩ শতকের কাত ২৸/৮ তন্মধ্যে ২৯ ও ৫৪ শতক জমি নিলাম হইবে। আঃ ১০৲ খং ৩০৩

৪৫ মনি ডিঃ ঐ দেং জোহর আলী বিশ্বাস দাবি ১২/৯ মোজাদি ঐ ৩-৪৩ শতকের কাত ২৸/৮ তন্মধ্যে ৬২ ও ৪২ শতক জমি নিলাম হইবে। আঃ ১০৲ খং ৩০৩

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত নিলামের দিন ১০ই ফেব্রুয়ারী ১৯৪৭

### ১৯৪৬ সালের ডিক্রীজারী

৭৩৭ থাং ডিঃ দোলগোবিন্দ দাস মৃতাস্তে ওয়ারিশ শ্রীভুজঙ্গভূষণ দাস দিং দেং ভূপেন্দ্রনাথ চৌবে দাবি ৫৩৵৹ থানা রঘুনাথগঞ্জ মৌজে নওদাটুলী ২-১০ শতকের কাত বৃদ্ধিসহ ৭৷৵৹ আঃ ২৫৲ খং ৯ রায়ত স্থিতিবান

৭৩৯ থাং ডিঃ ঐ দেং আব্বাস সেখ দিং দাবি ১১২৶৬ থানা ঐ মৌজে দোনলীয়া ৯-৯৯ শতকের কাত ১৬৷/৹ আঃ ৬৫৲ খং ১৫ ঐ স্বত্ব

৫৪৯ থাং ডিঃ ঐ দেং ইসা সেখ দিং দাবি ৮৮৷৩ থানা ঐ মৌজে রামচন্দ্রবাটী ২-২৭ শতকের কাত ১৪৷৶৭ আঃ ১৫৲ খং ২৩৯ ঐ স্বত্ব

৮৭৫ থাং ডিঃ লুটবিহারী দত্ত দেং মেহের আলি বিশ্বাস দিং দাবি ৮৩/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে পানানগর ২-৩৩ শতকের কাত ১৩৸৩ আঃ ৫০৲ রায়ত স্থিতিবান

৮২৭ থাং ডিঃ যদুনন্দন দাস দিং দেং সুরেশচন্দ্র দাস দিং দাবি ১২৸৵৯ থানা সুতী মৌজে একাঠিয়া ৵/ জমির কাত ৷৶৩ আঃ ৫৲ খং ২২৪

৮২৮ থাং ডিঃ ঐ দেং সেফাত সেখ দিং দাবি ২৭৷৩ থানা ঐ মৌজে মহেশাইল ৷৷৷ জমির কাত ২৸৶২ আঃ ৫৲ খং ২১৩৮

৮১৯ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ চৌধুরী দিং দেং নজর্দ্দি বিশ্বাস দাবি ২৮৸৩ থানা সুতী মৌজে জগতাই ৩৪ শতকের কাত ৩৷৵১০ আঃ ২০৲ খং ১৯৯

৮২০ থাং ডিঃ ঐ দেং যোগেন্দ্রনাথ দে দাবি ২০৷৶৹ মৌজাদি ঐ ৷৩ জমির কাত ১৸৶৫ আঃ ১৫৲ খং ৯৪

৮৭৭ থাং ডিঃ চারুবালা বর্ম্মণ্যা দেং গোষ্ঠমণি গুপ্তা ওরফে গোষ্ঠসখি গুপ্তা দাবি ২৬৷৶৬ থানা সুতী মৌজে মানিকপুর ১-৯৭ শতকের কাত ৪৷/১৬ আঃ ১০৲ খং ১৩৩

৮৫৫ থাং ডিঃ বিভাবতী সরকার দিং দেং ওয়ারেশতুল্লা সেখ দিং দাবি ৫২৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেকন্দরা ১৬ শতকের কাত ৮৲ আঃ ৪০৲ খং ১০০৭

৬২৮ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং ইন্তু মিস্ত্রী দিং দাবি ৬২৷/৩ থানা সুতী মৌজে ইচলিপাড়া কুঠির হাতা ১-১ শতকের কাত ৭৷২ পাই আঃ ৪০৲ খং ৫৭৪

৪৯ মনি ডিঃ বরেন্দ্রনাথ সিংহ দেং সত্যেন্দ্রনারায়ণ দত্ত দিং দাবি ২৭৸৹ থানা রঘুনাথগঞ্জ মৌজে জোতকমল ৩-৯১ শতকের কাত ৯৷৵৹ তন্মধ্যে ১-৭ শতকের কাত হারাহারি মতে ৩/৹ আঃ ১৫৲ খং ৩০৪ অধিনস্থ খং ৩১০, ৩১১, ৩১২ রায়ত মোকররী তদুপরিস্থিত আম্র, লিচু বৃক্ষ ও আকাঠা সুকাঠা বৃক্ষাদি সহ ২নং লাট মৌজাদি ঐ ৭১ শতকের কাত ১৷/৹ তন্মধ্যে ১৬৷ শতকের কাত ।/৩ পাই আঃ ৫৲ খং ২৯৯ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ৩৮ শতকের কাত ২৵১১ তন্মধ্যে ৯৷ শতকের কাত হারাহারি মতে ৷৯ পাই তদুপরিস্থিত আকাঠা সুকাঠা বৃক্ষাদি সহ আঃ ৫- খং ২৯৮ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ১০ শতকের কাত ৷/৮ পাই তন্মধ্যে ৫ শতকের কাত হারাহারি মতে ।১০ পাই আঃ ২৲ খং ৯৭ ঐ স্বত্ব তদুপরিস্থিত আকাঠা সুকাঠা বৃক্ষাদি সহ

৫৫ স্বত্ব ডিঃ খাবিরুদ্দিন সেখ দেং আসরাফ মোল্লা দাবি ২৩৸৶৹ থানা রঘুনাথগঞ্জ মৌজে চকসাদপুর ১.৩.০ জমির কাত ১৸৵১১৷৹ আঃ ২০৲ খং ৪৫

## সুবিখ্যাত মণিকারের পরলোক

খাগড়ার স্বনামধন্য মণিকার গুরুদাস আঢ্য মহাশয় প্রায় শতবর্ষ আয়ু লাভ করিয়া পুত্র, পৌত্রাদি সম্মুখে সাধনোচিত ধামে গমন করিয়াছেন। আঢ্য মহাশয়, বহু কন্যাদায়গ্রস্ত বিপন্ন ব্যক্তির কন্যাদায়ে অলঙ্কার দিয়া তাঁহাদের সাধ্যমত কিস্তিতে মূল্য লইয়া পরমাত্মীয়ের কার্য্য করিয়া গিয়াছেন। শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ আঢ্য প্রমুখ তাঁহার সুযোগ্য পুত্রগণ পিতার সুনাম অক্ষুণ্ণ রাখিবেন এ ভরসা সাধারণের আছে। আমরা আঢ্য মহাশয়ের বিয়োগব্যথাগ্রস্ত আত্মীয়বর্গের শোকে সমবেদনা প্রকাশ করিয়া তাঁহার আত্মার শান্তি কামনা করি।

## ইটের দর

বঙ্গীয় 'ব্রিক ফিল্‌ড ওনার্স এসোসিয়েশান' কর্ত্তৃক প্রথম শ্রেণীর ইটের মূল্য ৩৫৲ টাকা হাজার বাঁধিয়া দেওয়া হইয়াছে। সম্প্রতি ইটের মূল্য-নিয়ন্ত্রণাদেশ প্রত্যাহার করায় যে চোরা কারবার দেখা দিয়াছে তাহা বন্ধ করিবার জন্য গভর্ণমেণ্ট আবেদন জানাইতে এই ব্যবস্থা অবলম্বিত হইয়াছে। এই দর অনুপাতে নিম্নতর শ্রেণীর ইটের মূল্যও ঠিক করা হইবে। আশা করা যায় যে কয়লা ও ওয়াগানের সুরাহা হইলে এবং মজুরদের সম্বন্ধে নিশ্চিন্ত হইতে পারিলে এই মূল্যের সুবিধামত সংশোধন করা হইবে। জনসাধারণকে এই নির্দ্দেশ দেওয়া যাইতেছে যে কোন চোরা কারবারের সন্ধান পাইলে যেন তাঁহারা কলিকাতা ২নং চার্চ্চ লেন—এই ঠিকানায় ডিরেক্টরেট অব্ ফিউয়েল' এর নিকট সংবাদ দেন।

## যুদ্ধে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাহায্য পরিকল্পনা

যুদ্ধে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাহায্য সংক্রান্ত পরিকল্পনানুযায়ী যাহাদিগকে অর্থ সাহায্য মঞ্জুর করা হইয়াছে, পোষ্ট অফিস হইতে টাকা লইবার সময় তাহাদিগকে অবস্থাভেদে 'এইচ' বা 'আই' ফরমে এই মর্ম্মে সার্টিফিকেট দাখিল করিতে হইবে যে, তাহারা এখনও সাহায্য পাইবার যোগ্য আছেন। বাঙলায় যে সকল ব্যক্তিকে উল্লিখিত অর্থ সাহায্য মঞ্জুর করা হইয়াছে তাহাদিগকে জানান যাইতেছে যে, বাঙলা সরকার প্রদেশের সমস্ত ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্টগণকে এইরূপ সার্টিফিকেটে পাল্‌টা-স্বাক্ষর (countersign) করিবার ক্ষমতা দান করিয়াছেন।

মাত্র ৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প
ডাক মাশুল লাগে না।
প্রাপ্তিস্থান ঃ—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ।

STAMPED.
ORIGINAL.
REFUSED.
FILED.
DUPLICATE.
BOOK-POST.
URGENT.
CANCELLED.
ANSWERED.
PAID.
COPIED.
REGISTERED


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷০ টাকা। নগদ মূল্য ⁄০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।




দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পূঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত